

ভালোবাসার দিনে কেমন সাজবেন



ওমেত্র ওয়ার্ল্ড



Zvmij gy tPŠaj x
Gmŧ_ŪJmqvb, I tgY I qvi ©



এক দশক আগেও ভ্যালেন্টাইন ডে সম্পর্কে আমাদের দেশের মানুষের তেমন ধারণা ছিল না। কিন্তু কয়েক বছর যাবৎ তরুণ-তরুণীদের মধ্যে দিবসটি পালন করা নিয়ে বেশ উচ্ছ্বাস লক্ষ্য করা যাচ্ছে। প্রত্যেকেরই ভালোবাসা প্রকাশ করার আলাদা অভিব্যক্তি থাকে। ভালোবাসার নিজস্ব অভিব্যক্তি প্রকাশের জন্য ভ্যালেন্টাইন ডেই হয়তো উপযুক্ত সময়। এছাড়া দিনটাকে স্পেশাল ধরে নিয়ে একেকজন একেকভাবে প্রস্তুত হয়। পোশাক-আশাক, মেকআপ, গেটআপের দিক থেকে নিজেকে প্রিয় মানুষের সামনে ভিন্নভাবে তুলে ধরার চেষ্টা থাকে কম-বেশি সবার মধ্যে। এ রোমান্টিক দিনটির জন্য আপনি কি প্রস্তুত?

চুলের পরিচর্যা

ভ্যালেন্টাইন ডের প্রস্তুতি হিসেবে প্রথমেই আসা যাক চুল প্রসঙ্গে। চুলের ধরণ বুঝে, অর্থাৎ চুল যদি রক্ষণ হয় তাহলে আগের দিন চুলে ভালোভাবে তেল ম্যাসাজ করতে পারেন। এরপর ২টি পাকা কলা, ১টি ডিমের সাদা অংশ এবং ১ টেবিল চামচ মধু ভালো করে মিশিয়ে মাথায় লাগিয়ে ৩০ মিনিট পর শ্যাম্পু করে ফেলতে পারেন। এতে চুলের রক্ষণ ভাবটা কেটে যাবে। তবে চুল যদি বেশি সিক্কি হয়, তাহলে আগের দিন শ্যাম্পু না করাটাই ভালো হবে।

এবার আসা যাক হেয়ার স্টাইল প্রসঙ্গে। সাধারণত হেয়ার স্টাইল নির্বাচন করা উচিত পোশাকের প্রতি লক্ষ্য রেখে। ভ্যালেন্টাইন ডের ড্রেসডটা যেহেতু পাশ্চাত্য থেকে এসেছে, সেহেতু আজকাল তরুণ-তরুণীদের মধ্যে অনেকেই এই দিনে পাশ্চাত্যের ছোঁয়া রাখে পোশাক-আশাকে। এই বিশেষ দিনে তরুণ-তরুণীদের ফতুয়া এবং জিন্স পরতে দেখা যায়। ফতুয়া এবং জিন্সের সঙ্গে চুল স্ট্রেইট করে ছেড়ে দিলে স্মার্ট দেখাবে। অথবা মানানসইভাবে চুল কার্ল করলেও ভালো দেখাবে। কারণ ওয়েস্টার্ন ড্রেসের সঙ্গে স্কালি চুল বেশ মানিয়ে যায়। তরুণরা এ ক্ষেত্রে চুলে জেল ব্যবহার করতে পারেন। সালোয়ার-কামিজের সঙ্গেও চুল ছেড়ে রাখা যায় কিংবা পাঞ্চ ক্লিপ দিয়ে খুব উঁচু করে চুল এলোমেলো করে বাঁধলে বেশ মানানসই দেখাবে। তবে শাড়ি পরলে অবশ্যই চুলটাকে বিভিন্ন স্টাইলে বেঁধে কিংবা খোঁপা করে শাড়ির রঙের সঙ্গে মিল রেখে একগুচ্ছ ফুল দিলে অনেক আকর্ষণীয়



দেখাবে।

ত্বকের যত্ন


চুলের মতো ত্বকের ক্ষেত্রেও ধরন বুঝে যত্ন নিতে হবে। যাদের তৈলাক্ত ত্বক তারা চন্দন, মুলতানি মাটি একসঙ্গে মিশিয়ে লেবু ও গোলাপজল দিয়ে মাস্ক তৈরি করে মুখে লাগিয়ে ১০-১৫ মিনিট পর মুখ ধুয়ে ফেলতে পারেন। আবার ভেজিটেবল প্যাক তৈরি করেও লাগাতে পারেন। টমেটো, শসা, গাজর, আলু একসঙ্গে রেস্ট করে মুখে লাগিয়ে ২০-৩০ মিনিট পর ধুয়ে ফেলুন। এতে ত্বকে

মসৃণ ভাব আসবে। যাদের শুষ্ক ত্বক তাদের জন্য ফুট প্যাক বেশ উপকারী। ২ কোষ কমলা এবং ৩-৪টা আপুর একসঙ্গে চটকে মুখে ম্যাসাজ করতে হবে ১০-১৫ মিনিট, ম্যাসাজের পর ২০-৩০ মিনিট রেখে মুখ ধুয়ে ফেলুন। এতে ত্বক সজীব দেখাবে।

মেকআপ এবং পোশাক

বিশেষ দিনের সাজগোজ এবং পোশাক হওয়া উচিত একটু অন্য রকম। ফাল্লুনের সঙ্গে মিল রেখে ভ্যালেন্টাইন ডেতে আপনি শাড়ি পরতে পারেন। শাড়ির সঙ্গে চোখের মেকআপটা একটু গর্জিয়াস করলে বেশ ভালো দেখাবে। চোখের মেকআপ যদি স্ম্যাকি হয়, তাহলে লিপস্টিকের ক্ষেত্রে হালকা রঙ যেমন গোলাপি, ব্রাউন নির্বাচন করাটাই মানানসই হবে। ভ্যালেন্টাইন ডের পার্টি যদি রাতে হয় তাহলে স্পিভলেস ড্রেসের সঙ্গে ডার্ক মেকআপ নিলে বেশ আকর্ষণীয় দেখাবে। এ ক্ষেত্রে ব্লাশার এবং আইশ্যাডো লিকুইড ব্যবহার করুন। যেহেতু শীতকালে ঠোঁট ফাটে, সেহেতু ঠোঁটেও গ্লস ব্যবহার করাটাই ভালো হবে। দিনে যদি কালারফুল সুতি শাড়ি পরে বেরোতে চান, তাহলে এর সঙ্গে মাটি অথবা কাঠের বিভিন্ন ডিজাইন ও রঙের গয়না বেশ সামঞ্জস্যপূর্ণ হবে এবং বাঙালি ভাবটাও বজায় থাকবে। এ ক্ষেত্রে চুড়ি এবং টিপ পরতে ভুলবেন না। পোশাক হিসেবে যদি আপনি সালোয়ার-কামিজ বেছে নেন, তাহলে হালকা মেকআপে বের হওয়াই ভালো। এ ক্ষেত্রে চোখে কাজল এবং মাসকারা দিতে পারেন। তবে গাঢ় রঙের আইশ্যাডো এবং ব্লাসঅন সালোয়ার-

কামিজের সঙ্গে ব্যবহার না করাই ভালো হবে। যারা ভ্যালেন্টাইন ডেতে মিউজিক কনসার্ট কিংবা রোমান্টিক মুভি দেখতে যাবার প্ল্যান করেছেন, তারা এ ক্ষেত্রে ওয়েস্টার্ন ড্রেসে নিজেকে সজ্জিত করতে পারেন। ওয়েস্টার্ন ড্রেস হিসেবে তরুণ-তরুণী উভয়ই বিভিন্ন ডিজাইনের ফ্যাশনেবল স্কার্ট, টপস, ফতুয়া, টিশার্ট, ব্লু-জিন্স পরতে পারেন। এ ক্ষেত্রে সাজটা হওয়া চাই পশ্চিমা ধাঁচের। সাজের ক্ষেত্রে পারফিউমের ব্যবহার নিশ্চিত করতে হবে। যেহেতু দিবসটি রোমান্টিক, সেহেতু পারফিউমের ক্ষেত্রেও রোমান্টিসিজম ব্যাপারটা মাথায় রাখতে হবে।



ওমেস ওয়ার্ল্ড-এর ঠিকানা রেখে দিন, কাজে দেবে :



ওমেস ওয়ার্ল্ড

বনানী শাখা

শরিফ প্লাজা, তৃতীয় তলা
৩৯ কামাল আতাতুর্ক এভিনিউ
ফোন : ৮৮৫২২৮৩, ০১১৮৩২০৮৬

ধানমন্ডি শাখা

আম্বালা কমপ্লেক্স, দ্বিতীয় তলা
রোড নং - ২, ধানমন্ডি
ফোন : ৯৬৭৭৫৯৫, ০১৭১১৮১৪৭৫

বনানী (পুরাতন) শাখা

কক্ষ৪৫/ক, দ্বিতীয় তলা
ইউএই মৈত্রী কমপ্লেক্স মার্কেট
৪ কামাল আতাতুর্ক এভিনিউ
ফোন : ৯৮৯৪৫৮৬

উত্তরা শাখা

কনক আর্কিড
১৪ সোনারগাঁও জনপথ
সেন্ট্র-৯, ফোন : ৮৯৫৪৫৪৩